

নবম-দশম শ্রেণির পরিমার্জিত বই হস্তান্তর অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী  
পর্যায়ক্রমে সকল শ্রেণির বইয়ের মান বাড়ানো হবে

ঢাকা, ১২ সেপ্টেম্বর

নবম-দশম শ্রেণির পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উচ্চতর গণিত, জীববিজ্ঞান ও সাধারণ বিজ্ঞান বিষয়ের ৬টি পাঠ্যবইয়ের পরিমার্জিত কপি শিক্ষা মন্ত্রণালয়ে হস্তান্তর করা হয়েছে। পাঠ্যপুস্তক পরিমার্জিত টিমের সদস্যগণ আজ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের কাছে ৬টি বইয়ের কপি হস্তান্তর করেন। পাঠ্যপুস্তক পরিমার্জিত কমিটির সদস্য ড. মুহম্মদ জাফর ইকবাল ও ড. মোহাম্মদ কায়কোবাদসহ টিমের অন্য সদস্যরা এসময় উপস্থিত ছিলেন।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, নবম ও দশম শ্রেণির পরিমার্জিত পাঠ্যবইগুলো শিক্ষার্থীদের কাছে অনেক আকর্ষণীয় ও সহজপাঠ্য হবে। বইয়ের মান উন্নয়নের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। তিনি বলেন, নতুন পরিমার্জিত বইগুলো আগামী বছর শিক্ষার্থীদের হাতে তুলে দেব। পর্যায়ক্রমে ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত অন্যান্য বইয়ের মানও বাড়ানো হবে।

শিক্ষামন্ত্রী বলেন, বইগুলোর মান উন্নত করা হয়েছে। এর ফলে পাঠ্যপুস্তকের মানের দৃশ্যমান অগ্রগতি হল। এগুলোর উপস্থাপনা সুন্দর ও বইগুলো সুখপাঠ্য হবে। শিক্ষার্থীরা পড়ে নিজেরাই বুঝতে পারবে। নতুন পরিমার্জিত বইগুলোকে চমৎকার উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, পাঠ্যবইয়ের মান বৃদ্ধির প্রভাব অন্যান্য ক্ষেত্রের মান বৃদ্ধিতেও পড়বে। শিক্ষকের মান বৃদ্ধি, ভৌত অবকাঠামো সুন্দর হওয়া প্রয়োজন। শিক্ষকদের নিষ্ঠা ও আন্তরিকতা আরো জোরদার করতে হবে।

তিনি বলেন, শিক্ষার মান কমছে না, বাড়ছে। তবে আমরা যে মানে পৌঁছতে চাই, সেটা হয়ত হচ্ছে না। শিক্ষার মান বৃদ্ধি করা সারা জগতের চ্যালেঞ্জ। শিক্ষামন্ত্রী বলেন, প্রতিবছর শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়ার ফলে বিরাট উৎসাহ সৃষ্টি করছে। ছেলেমেয়েদের স্কুলমুখী করছে। এখন সকল শিশুকে স্কুলে নিয়ে আসা সম্ভব হয়েছে। যদিও ঘারে পড়া এখনও চ্যালেঞ্জ।

অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব ও পাঠ্যপুস্তক পরিমার্জিত কমিটির সমন্বয়ক চৌধুরী মুফাদ আহমদ, সদস্য ড. মুহম্মদ জাফর ইকবাল ও ড. মোহাম্মদ কায়কোবাদ এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রীর হাতে বইগুলোর সিদ্ধি তুলে দেয়া হয়।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯